# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 02.06.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) নির্বাচন কমিশন বারাসাত ও মথুরাপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত দুটি বুথে আগামীকাল পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে।

বিজেপি ডায়মন্ড হারবার কেন্দ্রে ২-শোর বেশি বুথ এবং মথুরাপুর কেন্দ্রের ১২-টি বুথে পুনর্নির্বাচনের দাবি তুলে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে।

২) সাত দফায় লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে শুরু হয়েছে গণনার প্রস্তুতি। রাজ্যের ৫৫-টি গণনা কেন্দ্রে মোতায়েন থাকছেন ২৫ হাজার ভোট কর্মী।

৩) ভোটগ্রহণ পর্ব মিটলেও আগামী ৬-ই জুন পর্যন্ত রাজ্যে থাকছে ৪-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভোট পরবর্তী সন্ত্রাসের অভিযোগ উঠছে।

৪) রামকৃষ্ণ মিশনের সেবক হাউসে সন্ন্যাসীদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত প্রদীপ রায়ের তিনদিনের পুলিশ হেফাজত।

৫) উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন ভারী থেকে অতি ভারী বর্ষণের পূর্বাভাষ আবহাওয়া দফতরের।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন বারাসাত লোকসভা কেন্দ্রের দেগঙ্গা বিধানসভার অন্তর্গত ৬১ নম্বর কদম্বগাছি, সর্দার পাড়ার একটি এবং মথুরাপুর লোকসভার কাকদ্বীপ বিধানসভার অন্তর্গত ২৬ নম্বর আড্ডিরমহল শ্রী চৈতন্য বিদ্যাপীঠ বুথে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। আগামীকাল এই দুটি বুথে সকাল সাতটা থেকে সন্ধে ৬-টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। রিটার্নিং অফিসারদের কাছ থেকে পাওয়া রিপোর্টের ভিত্তিতেই কমিশনের এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, ডায়মন্ড হারবার কেন্দ্রের ২০০-র বেশি বুথে এবং মথুরাপুর কেন্দ্রের ১২টি বুথে পুনর্নির্বাচনের দাবি তুলে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে বিজেপি। তাঁদের অভিযোগ ওই বুথগুলিতে ভোটগ্রহণ স্বচ্ছ ভাবে হয়নি। অনেক বুথে অবাধে ছাপ্পা ভোট দেওয়া হয়েছে। কোনও কোনও বুথে কারচুপি হয়েছে সিসি ক্যামেরায়। ওই দুই কেন্দ্রের বিজেপি প্রার্থীর তরফে কমিশনে এই আবেদন জানিয়েছেন বিজেপি নেতা শিশির বাজোরিয়া। বিজেপির তরফে যে বুথগুলিতে পুনর্নির্বাচনের দাবি তোলা হয়েছে, তার মধ্যে রয়েছে ডায়মন্ড হারবার কেন্দ্রের ফলতার সব ক'টি বুথ। বজবজ, মহেশতলা বিধানসভা এলাকারও বহু বুথে পুনর্নির্বাচনের দাবি তোলা হয়েছে।

নিজেদের সাংগঠনিক ব্যার্থতা ঢাকতেই বিজেপি পুনঃনির্বাচন চাইছে বলে তৃণমূল কংগ্রেস কটাক্ষ করেছে।

oooooooooooooooooo

সাত দফায় লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই শুরু হয়েছে গণনার প্রস্তুতি। আগামী মঙ্গলবার রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রের জন্য মোট ৫৫টি গননা কেন্দ্র থাকছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সেখানে মাইক্রো অবজারভার সহ ২৫ হাজার ভোট কর্মীকে নিয়োগ করার সিদ্ধান্ত হয়েছে। ত্রিস্তরীয় নিরাপত্তায় থাকা ৩৯৪টি স্ট্রংরুম থেকে ইভিএম এনে মোট ৪১৮টি কাউন্টিং হলে চার হাজার ৯৪৪টি টেবিলে তা গননা করা হবে। ভোটের কাজে যুক্ত থাকা কর্মীদের পোস্টাল ব্যালট গননার জন্যে

৮৬টি হল থাকছে। ৪৩৪ জন পুরুষ সহ মোট ৫০৭ জন প্রার্থীর ভাগ্য নির্ধারন করতে উত্তরবঙ্গের শীতলকুচি ও দিনহাটা বিধানসভা কেন্দ্রে সর্বাধিক ২৩ রাউন্ড ও চোপড়া কেন্দ্রে সবচেয়ে কম ৯ রাউন্ড গননা করা হবে। কলকাতা দক্ষিণ লোকসভা কেন্দ্রের জন্য সব থেকে বেশি ৭-টি কাউন্টিং সেন্টার রয়েছে।

মুখ্য নির্বাচন আধিকারিক ডক্টর আরিজ আফতাব জানিয়েছেন ৯২ কোম্পানি কেন্দ্রিয় বাহিনী মোতায়েন থাকবে গণনা কেন্দ্রের নিরাপত্তায়।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটে প্রযুক্তিগত জালিয়াতি বা কারচুপি হয়েছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এই সংক্রান্ত একটি মামলায় শীর্ষ আদালতের একটি রায়ের প্রেক্ষিতে নির্বাচন কমিশন আজ এক নির্দেশ জারি করেছে। ভোটের ফল ঘোষণার ৭ দিনের মধ্যে পরাজিত প্রার্থীরা ভোটের ফলাফল রিভিউ করার সুযোগ পাবেন। ফলাফলের নিরিখে যে সব প্রার্থী দ্বিতীয় বা তৃতীয় স্থানে থাকবেন তারাই সেই সুযোগ পাবেন। ইভিএম এর প্রস্তুতকারক সংস্থার ইঞ্জিনিয়াররা ইভিএম এর বার্নট মেমরি পরীক্ষা করে দেখবেন সেখানে কোন কারচুপি হয়েছে কিনা। এজন্য কমিশনকে একটা নির্দিষ্ট ফি জমা দিতে হবে। কারচুপির অভিযোগ সত্য হলে ফি বাবদ অর্থ আবেদনকারী ফেরত পাবেন। অন্যথায় ঐ টাকা বাজেয়াপ্ত করা হবে বলে কমিশন জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনার দিন চৌঠা জুন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ নিবেদন, জনমত ২০২৪ : কি বলছে ভোটের ফল!

সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত ভোট গণনার গতি প্রকৃতি এবং ফলাফল বিশ্লেষণের এই অনুষ্ঠানে হাজির থাকবেন সাংবাদিক, রাষ্ট্রবিজ্ঞানী,

অর্থনীতিবিদ, সমাজতাত্বিক এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। আলোচনার ফাঁকেই শুনবেন নিয়মিত সংবাদ।

শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে ও ডিটিএইচ পরিষেবায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া পেজে।

ফল ঘোষণার পর সেদিনই রাত আটটা পাঁচ থেকে নটা পর্যন্ত শুনবেন বিশেষ আলোচনা, "জনতার রায়"।

ভোটের ফল নিয়ে সর্বশেষ খবর জানতে চৌঠা জুন মঙ্গলবার অবশ্যই শুনুন, "জনমত ২০২৪ : কি বলছে ভোটের ফল এবং জনতার রায়।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে সাত দফার ভোট গ্রহণ মিটলেও আগামী বৃহস্পতিবার ৬ জুন পর্যন্ত রাজ্যে ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকছে। এর মধ্যে CRPF ১১৫ কোম্পানি, BSF ১১৮ কোম্পানি, CISF ৭১, ITBP ৩৬, SSB ৬০ কোম্পানি থাকবে। গত বিধানসভার নির্বাচনের পরে হিংসাত্মক বেশ কিছু ঘটনার কথা মাথায় রেখে এবার কমিশন রাজ্যে কেন্দ্রীয় বাহিনী রাখার সিদ্ধান্ত নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ পর্ব মিটতেই রাজ্যের বিভিন্ন জায়গা থেকে হিংসার খবর আসছে।

নদীয়ার কালিগঞ্জে দুস্কৃতীদের হাতে খুন হয়েছেন বিজেপি কর্মী হাফিজুল শেখ। কয়েকজন দুস্কৃতী মোটরবাইকে করে এসে কয়েক রাউন্ড গুলি করে পালিয়ে যায়। এই ঘটনায় নাসিম মন্ডল নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।

কলকাতা উত্তর লোকসভার বেলেঘাটা বিধানসভা, কেএমসি স্কুলের ২৮৩ নম্বর বুথে বিজেপির বুথ এজেন্ট রমেশ সাউকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। একই কেন্দ্রে বিজেপি প্রার্থীর মহিলা বুথ এজেন্ট কে ইট মেরে

মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। বেলেঘাটা অঞ্চলে অত্যাচারের ভয়ে ঘরছাড়া অনেক বিজেপি বুথ এজেন্ট ও কর্মী।

যাদবপুরে এক CPIM প্রার্থীর বুথ এজেন্ট সহ দলীয় কর্মীদের মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। আজ সেখানে যান CPIM এর কেন্দ্রিয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, যুব নেতা সৃজন ভট্টাচার্য্য।

রানাঘাট ২ নম্বর ব্লকে অপূর্ব মজুমদার নামে এক সি পি আই এম নেতাকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কর্মীদের বিরুদ্ধে।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে। গতকাল নির্বাচনের দিন অশান্তির ঘটনার প্রেক্ষিতে সন্দেশখালি এক নম্বর ব্লকে সরবেড়িয়া থেকে বয়ারমারি পর্যন্ত ১৪৪ ধারা জারি রয়েছে।

এদিকে, সকাল থেকেই সন্দেশখালির আগারহাটির মন্ডল পাড়ায় গ্রামে ঢুকে অত্যাচারের অভিযোগ তুলে গ্রামবাসীরা পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান। একজন অভিযুক্তকে আটক করে নিয়ে যাওয়ার সময় পুলিশের গাড়ি থেকে অভিযুক্তকে ছিনিয়ে নেওয়া হলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। গ্রামবাসীদের ওপর পুলিশ লাঠিচার্জ করে বলেও অভিযোগ।

oooooooooooooooooooo

নির্বাচন পরবর্তী হিংসার জন্য রাজ্যের শাসক দলকে দায়ী করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার আজ এক সাংবাদিক সম্মেলনে বলেন-

বাইট

CPIM এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, তৃণমূল কংগ্রেস এবং বিজেপি দুই দলই গনতন্ত্রকে ধ্বংস করছে।

বাইট

সন্ত্রাসের অভিযোগ খারিজ করে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন বলেন, রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসের উপর আস্থা রেখেছেন।

বাইট

০০০০০০০০০০০০০০০০০

রামকৃষ্ণ মিশনের সেবক হাউসে সন্ন্যাসীদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত প্রদীপ রায়ের তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। আজ তাকে জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হয়। ওই ঘটনার পরই প্রদীপ গা ঢাঁকা দেয়। তাকে গ্রেফতার করতে অন্যান্য জেলার পাশাপাশি প্রতিবেশী রাজ্য বিহারেও তল্লাশি চালায় পুলিশ। গতরাতে শিলিগুড়ি জংশন বাসস্ট্যান্ড এলাকা থেকে প্রদীপ রায়কে গ্রেফতার করে পুলিশ। এই হামলার ঘটনায় মোট ৭ জনকে গ্রেফতার করা হলো।

এদিকে, প্রদীপ রায়ের গ্রেফতারি লোক দেখানো বলে শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ি পুর এলাকায় পানীয় জলের সংকট মিটেছে। মেয়র গৌতম দেবের পূর্ব ঘোষণা মতোই আজ বিকেল থেকে পানীয় জল সরবরাহ শুরু করেছে পুরসভা। জল সংকটের জন্য দায় স্বীকার করে আজ এক সাংবাদিক বৈঠকে মেয়র, শিলিগুড়ি শহরকে ঘিরে থাকা নদীগুলিকে দূষণ মুক্ত করার কথা জানান।

উল্লেখ্য, দুষিত জল সরবরাহ করা হচ্ছে বলে শিলিগুড়ির বাসিন্দারা গত কয়েকদিন ব্যাপক বিক্ষোভ দেখিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আরও অগ্রসর হয়ে উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছেছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর প্রভাবে আগামী ৪ তারিখ পর্যন্ত উত্তরবঙ্গে পাঁচ জেলা এবং উত্তর দিনাজপুরে ভারি বর্ষণের পূর্বাভাস রয়েছে। আজ

ভারি থেকে অতি ভারি বর্ষণের কমলা সতর্কতা রয়েছে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায়। হলুদ সতর্কতা রয়েছে জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুরে।

আবহাওয়া দফতরের  বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন –

(বাইট)

oooooooooooooooooooo

মহামেডান স্পোর্টিং ও ভবানীপুর ক্লাব জেসি মুখার্জী ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। কলকাতায় আজ প্রি কোয়ার্টার ফাইনালে মহামেডান স্পোর্টিং আট উইকেটে  উয়ারি ক্লাবকে হারিয়ে দেয়। ভবানীপুর একই ব্যবধানে পোর্ট ট্রাস্টকে পরাজিত করে।

oooooooooooooooooo